



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, হাইড্রোকার্বন ইউনিট,
সেগুনবাগিচা, ঢাকা।

জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে হাইড্রোকার্বন ইউনিট-এর নৈতিকতা কমিটির তৃতীয় সভার কার্যবিবরণী।

সভাপতি	মোঃ জাকির হোসেন পরিচালক (উপসচিব), হাইড্রোকার্বন ইউনিট, সভাপতি, নৈতিকতা কমিটি।
সভার তারিখ	২৫-০৩-২০২১ ইং
সভার সময়	বিকাল ৪:০০ ঘটিকা, বৃহস্পতিবার
স্থান	হাইড্রোকার্বন ইউনিট, মিনি কনফারেন্স রুম
উপস্থিতি	ক) জনাব মেহেদী হাসান, উপ পরিচালক (পরিকল্পনা ও পিএসসি) সদস্য-সচিব, নৈতিকতা কমিটি খ) জনাব দেবব্রত দাস, সহকারি পরিচালক (প্রশাসন ও হিসাব), সদস্য, নৈতিকতা কমিটি।

২.০। আলোচনাঃ

২.১ সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতি ক্রমে নৈতিকতা কমিটির সদস্য সচিব জনাব মেহেদী হাসান, উপ পরিচালক (পরিকল্পনা ও পিএসসি) সভার কার্যপত্র উপস্থাপনা করেন। সভায় জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২০-২০২১ অর্থ বছরের তৃতীয় কোয়ার্টারে বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা করা হয়। তারপর সভাপতি অত্র অফিসের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা চতুর্থ কোয়ার্টারে কি কি বাস্তবায়ন করতে হবে সেই সর্পকে আলোচনা করেন।

২.২ সভাপতি জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ এবং এর আওতাধীন সকল অধিদপ্তর/দপ্তর/সংস্থা/কোম্পানির টেলিফোন নির্দেশিকা হালনাগাদ করা, কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে চাকুরি সংক্রান্ত বিভিন্ন প্রশিক্ষণ আয়োজন করা, সেবা সংক্রান্ত টোল ফ্রি নম্বরসমূহ ওয়েব সাইটে সংযোজন করা, শুদ্ধাচার সেবাবক্স, তথ্য অধিকার সেবাবক্স, অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) সেবাবক্স, স্বপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য তথ্য হালনাগাদ করা, অনলাইন সিস্টেম অভিযোগ নিষ্পত্তিকরণ করা, শ্রেণি বিন্যাসকৃত নথি বিনষ্টকরণ করা, দুর্নীতি প্রতিরোধের স্লোগান সমৃদ্ধ প্ল্যাকার্ড তৈরি করা, ও স্ব ওয়েবসাইটে আপলোড করা, জ্বালানি ও টেলিফোন বিল নিয়মিত পরিশোধ করা, গাড়ীতে জ্বালানি তৈল ব্যবহারের সঠিক পর্যবেক্ষণ এবং নির্ধারিত সময়ে ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগে দাখিল ও স্ব ওয়েবসাইটে আপলোড করার কথার বলেন। পরিশেষে, সভাপতি শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের নির্দেশনা সমূহ যথাযথ অনুসরণের উপর গুরুত্বারোপ করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

৩.০। সিদ্ধান্তঃ

- ক) অত্র অফিসের কর্মকর্তা-কর্মচারীদের চাকুরি সংক্রান্ত প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করতে হবে।
খ) অত্র অফিসের সেবা সংক্রান্ত টোল ফ্রি নম্বরসমূহ ওয়েব সাইটে সংযোজন করা, শুদ্ধাচার সেবাবক্স, তথ্য অধিকার সেবাবক্স, অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) সেবাবক্স হালনাগাদ করনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।
গ) জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ এবং এর আওতাধীন সকল অধিদপ্তর/দপ্তর/সংস্থা/কোম্পানির টেলিফোন নির্দেশিকা

হালনাগাদ করনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৪.০। সভায় আর কোন বিষয় না থাকায় কমিটির সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্তি ঘোষণা করেন।



মোঃ জাকির হোসেন
পরিচালক (উপসচিব), হাইড্রোকার্বন ইউনিট,
সভাপতি, নৈতিকতা কমিটি।


স্মারক নম্বর: ২৮.০৬.০০০০.০০০.৫৪.০০১.১৮.৬৫

তারিখ: ১২ চৈত্র ১৪২৭

২৬ মার্চ ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) মহাপরিচালক , হাইড্রোকার্বন ইউনিট, সেগুন বাগিচা, ঢাকা ।
- ২) উপসচিব, প্রশাসন-৩ অধিশাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
- ৩) অফিস কপি।



মোঃ জাকির হোসেন
পরিচালক (উপসচিব), হাইড্রোকার্বন ইউনিট,
সভাপতি, নৈতিকতা কমিটি।



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
হাইড্রোকার্বন ইউনিট

নম্বর ২৮.০৬.০০০০.০০০.৫৪.০০১.১৮.১৩৯

তারিখ: ৩ চৈত্র ১৪২৭

undefined undefined
undefinedundefinedundefinedundefined

নোটিশ

হাইড্রোকার্বন ইউনিটের জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে নৈতিকতা কমিটির সভা আগামী ২৫ শে মার্চ ২০২১ ইং তারিখ রোজ বৃহস্পতিবার বিকাল ৪:০০ ঘটিকায় হাইড্রোকার্বন ইউনিটের মিনি কনফারেন্স রুমে অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় কমিটির সকল সদস্যকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

১৭-৩-২০২১

মোঃ জাকির হোসেন

পরিচালক (নীতিমালা ও উন্নয়ন)

ফোন: +৮৮-৯১১৭৭৯৪

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মহাপরিচালক, হাইড্রোকার্বন ইউনিট (মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ২) উপ-পরিচালক (পরিকল্পনা ও পিএসসি), হাইড্রোকার্বন ইউনিট
- ৩) সহকারী পরিচালক (রিজার্ভয়ার ও উৎপাদন), হাইড্রোকার্বন ইউনিট
- ৪) সহকারী পরিচালক (প্রশাসন ও হিসাব), হাইড্রোকার্বন ইউনিট
- ৫) সহকারী পরিচালক (পরিকল্পনা), উপ-পরিচালক (পরিকল্পনা ও পিএসসি), হাইড্রোকার্বন ইউনিট
- ৬) সহকারী পরিচালক (অপারেশন), উপ-পরিচালক (মাইনিং ও অপারেশন), হাইড্রোকার্বন ইউনিট
- ৭) হিসাব রক্ষণ কর্মকর্তা, উপ-পরিচালক (প্রশাসন ও আইসিটি), হাইড্রোকার্বন ইউনিট
- ৮) নোটিশ বোর্ড, হাইড্রোকার্বন ইউনিট।
- ৯) অফিস কপি, হাইড্রোকার্বন ইউনিট।